




Design & Planning : Dhara Ad.



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

## বাণী

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা এবং বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে দেশে 'বিশ্ব খাদ্য দিবস' পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ বারের প্রতিপাদ্য "দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রাম" যথার্থ বলে আমি মনে করি।

ক্ষুধা ও দারিদ্র উন্নয়নের অন্তরায়। এ অন্তরায় দূরীকরণের লক্ষ্যে বাংলাদেশসহ পৃথিবীর অন্যান্য দেশে খাদ্য উৎপাদন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও টেকসই করা এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাসহ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ ইতোমধ্যে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। তাই এখন প্রয়োজন এ ব্যবস্থাকে টেকসই এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা। সরকারী-বেসরকারী উদ্যোগে গ্রামবাংলায় পেশাভিত্তিক যেসব আত্মকর্মসংস্থানমূলক কর্মসূচী গৃহীত হয়েছে তা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে।

বিশ্ব খাদ্য দিবস উদযাপন সফল হোক, এই কামনা করি।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ



সচিব
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে আজ বিশ্ব খাদ্য দিবস উদযাপিত হচ্ছে। বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষে এ বছরের নির্বাচিত প্রতিপাদ্য-দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রাম। বাংলাদেশের প্রেক্ষাপটে নির্বাচিত বিষয়টি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।
বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষে বিশ্বজুড়ে আকর্ষণীয় বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়। এসব কর্মসূচীর অন্যতম হলো - টেলিফুড। টেলিফুড কর্মসূচির আওতায় টেলিভিশনসহ অন্যান্য গণমাধ্যমে ক্ষুধা, অপুষ্টি ও দারিদ্র্য বিমোচনমূলক কর্মসূচি বাস্তবায়নে আর্থিক সহায়তা প্রদানের জন্য জনগণের কাছে আবেদন জানানো হয়। এ প্রচারণা উদ্যোগ চলে বছরব্যাপী এবং প্রচারণা থেকে প্রাপ্ত অর্থ ব্যয় করা হয় জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) পরিচালিত টেলিফুড প্রকল্পে। উন্নয়নশীল প্রায় ১০০টি দেশে বর্তমানে এ ধরণের ৮০০ টেলিফুড প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। বাংলাদেশেও চলছে এ ধরণের কয়েকটি প্রকল্প। খাদ্য উৎপাদন, খাদ্য নিরাপত্তা এবং দারিদ্র্য বিমোচনমূলক টেলিফুড প্রকল্পে আর্থিক সহায়তার জন্য আমাদের দেশের বিত্তবানদের এগিয়ে আসার আহবান জানাচ্ছি।
বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষে এ বছরের বিভিন্ন কার্যক্রম আমাদের দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে ইতিবাচক ভূমিকা রাখবে, এ আমাদের সকলের প্রত্যাশা।

আইয়ুব কাদরী

# FIGHT HUNGER TO REDUCE POVERTY

**Musleh Uddin Ahmed**
Director General, DAE

Poverty in the voices of the poor how they themselves define it has been clearly quoted as a case study as the voice of a poor Kenyan in the World Bank Report 2000-2001 : Attacking Poverty.

*"Don't ask me what poverty is because you have met it outside my house. Look at the house and count the number of holes. Look at the utensils and the clothes I am wearing. Look at everything and write what you see. What you see is poverty".*

Deprivation of basic human needs; food, clothing, shelter, Medicare and education, is probably the universal definition of poverty.

**The Causes of poverty:**

Recent studies examining the nature of poverty - its causes, correlates, and consequences as highlighted by the poor people confirm three dimensions of poverty; social, economic and political. In the languages of the poor, these are:

- Lack of income and assets to attain basic necessities - food, shelter, clothing etc.
- Sense of voicelessness and power-lessness.
- Vulnerability to adverse shocks.


The consequences are high infant mortality rates, low life expectancy, illiteracy and food insecurity.

**Hunger and Poverty in an Unequal World**

Hunger is one of the many scourges including poverty that plague humanity. So food first. To a hungry man or woman there is no dream of life.

Agricultural production has doubled over the last 30 years. Now the world produces enough food to provide a diet for everyone every day. But unfortunately, because of inequitable distribution, food is not available to everyone either among or within countries.

Eight hundred million people in the developing countries do not have enough to eat. Their hunger is persistent, debilitating and often deadly. Of the world's 6 billion people, almost half live on less than $ 1 a day with 44 percent living in South Asia



মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

খাদ্য উৎপাদন বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা বিষয়ে গণসচেতনতা জোরদার করার লক্ষ্যেপ্রতিবছরের ন্যায় এ বছরও বাংলাদেশে বিশ্ব খাদ্য দিবস পালিত হচ্ছে জেনে আমি খুশী হয়েছি। এ উদ্যোগ বাংলাদেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা জোরদার করতে বলিষ্ঠ ভূমিকা রাখবে।

এ বছরে প্রতিপাদ্য বিষয় "দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রাম" নির্বাচন খুবই সময়োযোগী কর্মসূচী। বাংলাদেশের রয়েছে উর্বর মাটি এবং বিপুল জনশক্তি। এ দু'য়ের সমন্বয় এবং যথাযথ বিনিয়োগ দেশের দারিদ্র্য বিমোচনে কার্যকর ভূমিকা পালন করতে পারে। এজন্য আমাদের সঠিক পরিকল্পনা ও কর্মসূচী গ্রহণ করতে হবে। খাদ্য উৎপাদন বৃদ্ধির পাশাপাশি খাদ্যের সুষ্ঠু সংরক্ষণ, বিতরণ ও বাজারজাতকরণের ওপর জোর দিতে হবে। কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলতে বেসরকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে। সকলের সম্মিলিত উদ্যোগই দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রামকে এগিয়ে নিবে।

আমি বিশ্ব খাদ্য দিবসের সাফল্যের জন্য মহান আল্লাহতায়ালার সাহায্য কামনা করছি।

মতিউর রহমান নিজামী



মন্ত্রী
খাদ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এবং বাংলাদেশ সরকারের উদ্যোগে আজ আমাদের দেশে উদ্‌যাপিত হচ্ছে বিশ্ব খাদ্য দিবস। বিশ্ব খাদ্য দিবস উদ্‌যাপন আমাদের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এ উদ্যোগ জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে পুষ্টি সমৃদ্ধ খাদ্য উৎপাদন ও নিরাপত্তা বিষয়ে গণসচেতনতা বৃদ্ধি এবং এ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নে অনুপ্রাণিত করবে।

প্রতিবারের মতো এ বছরও বিশ্ব খাদ্য দিবস উদ্‌যাপন উপলক্ষে একটি প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে। এবারের প্রতিপাদ্য 'দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রাম'। দারিদ্র বিমোচন এবং ক্ষুধামুক্তির জন্য প্রধান শর্ত হলো খাদ্য উৎপাদন ও এর নিরাপত্তা। আধুনিক ও লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে খাদ্য উৎপাদন নিশ্চিত করা সম্ভব। গবেষণার মাধ্যমে উচ্চফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং কৃষক পর্যায়ে সম্প্রসারণ কার্যক্রম জোরদার করতে হবে। আশা করি, এসব কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন হলে ক্ষুধামুক্তির সংগ্রামে আমরা সাফল্য অর্জন করতে পারবো।

বিশ্ব খাদ্য দিবস ২০০১ উদ্‌যাপন সফল হোক এ কামনা করছি।

তরিকুল ইসলাম



**FAO Representative in Bangladesh**

## MESSAGE

World Food Day 2001 is being observed in Bangladesh like elsewhere in the world with the theme "fight hunger to reduce poverty". At the time when sufficient food is produced at the global level to meet the growing needs of every individual alive, an estimated number of more than 826 million people go to bed everyday hungry; nearly 24,000 people die every day from hunger and related causes, and as many as 2 billion more people lack essential micro-nutrients. Hunger is both a consequence and a cause of poverty. The attainment of food security therefore involves eliminating current hunger and reducing the risks of future hunger, not just by ensuring the supply of food alone at national level. In this context, the theme chosen for this year's World Food Day is appropriate and timely.
The World Food Summit in Rome in 1996, the World leaders from 186 member states of FAO met and pledged their support and set a target for reducing the number of hungry people by half by 2015. Current data however indicate that the number of undernourished is falling at a rate of only 8 million each year, far below the average rate of 20 million per year needed to reach the World Food Summit target. It became clear therefore that original Summit goal of cutting the number of hungry by half by the year 2015 would not be met without renewed efforts. World leaders will meet again from 05 to 09 November 2001 in Italy to review the progress made towards eradication of hunger and to raise both the political will and the financial resources to accelerate the fight against hunger.
Bangladesh made phenomenal progress in food grain production making the country self-sufficient in staple food grains. Maintaining the current level of stability and sustaining production trends with reasonably equitable distribution are the major challenges being faced by the country. Improvement in agricultural productivity will put more food into local markets and encourage growth. Further increases in productivity in the crop sector and intensive diversification of agricultural sector through visionary policies and programmes along with massive investment, supported by markets would ensure more food and employment for people facing hunger.
Taking this opportunity, I would like to request all concerned personnel to make concerted efforts and contribution from their respective positions to make this year's World Food Day theme a grand success.
FAO is always with the people and the Government of Bangladesh to face this daunting task ahead of them with the ultimate goal of making a "hunger free Bangladesh".


**Bui Thi Lan**



**Poverty in Bangladesh**

Although Bangladesh now produces more than enough food, low per capital income of $ 386, high infant mortality rate, low adult literacy rate, high unemployment and high gender inequality; all prove that poverty in Bangladesh is widespread. Studies indicate that about 45% of the population live under acute poverty while 28% people in the urban and 25% in the rural areas live under poverty line-2 having less than 1805 Keal per day per person.

**Figure - 1**
**Where the developing world's poor live**
Distribution of population living on less than $1 a day.1998 (1.2 billion)




**Source : World Bank 2000s**

Figure-2: **Poverty in Bangladesh**
Present status of Poverty (%)

| Level | 1996 | 1997 | 1998 | 1999 |
|---|---|---|---|---|
| National | 47.0 | 46.0 | 46.7 | 44.7 |
| Rural | 47.9 | 46.8 | 47.6 | 44.9 |
| Urban | 44.4 | 43.4 | 44.3 | 43.3 |

*Source : Bangladesh Economic Review, 2000*

**Opportunities and Actions taken by Bangladesh.**

The core policies and institutions for attacking poverty involve complementary actions for overall growth. Issues like building assets of poor people by enlarging employment, education, rural credit, addressing asset inequalities across gender, building institutional and physical infrastructures, encouraging private investment, effective decentralization and many more are key areas for interventions.

The Government. of
see 1st column

## FIGHT HUNGER TO REDUCE POVERTY

Bangladesh have already declared a way against hunger and poverty through policy decisions and visionary agenda of actions like compulsory primary and non-formal adult education crop diversification, one h

ouse one farm, enlargement of rural credit, privatization of development sectors and many more.

The results are already visible and poverty is gradually coming down its scale.

**Conclusion:**

Poverty is a universal cause. Global and regional measures, sharing resources, knowledge and experience should be taken into plans and actions.



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

বাংলাদেশে 'বিশ্ব খাদ্য দিবস-২০০১' পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও)-র সদস্য দেশগুলোতে প্রতি বছর ১৬ অক্টোবর দিবসটি পালিত হয়। এ বছর দিবসটির প্রতিপাদ্য 'দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রাম।' বিশ্ব খাদ্য পরিস্থিতি ও খাদ্য নিরাপত্তা বিষয়ে গণসচেতনতা বৃদ্ধিতে এ কর্মসূচি সহায়ক হবে বলে আমার বিশ্বাস।

বাংলাদেশে দারিদ্র্য বিমোচন, খাদ্য উৎপাদন ও খাদ্য নিরাপত্তামূলক বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করা হবে। কৃষিশস্যাদি'সহ মৎস্য, পশুসম্পদ, বনায়ন ও পরিবেশ খাতে লাগসই প্রযুক্তির যথাযথ প্রয়োগের মাধ্যমে এসব খাতের ব্যাপক উন্নয়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে। এসব কর্মসূচির সফল বাস্তবায়নে কৃষক ও কৃষির ওপর সার্বিক গুরুত্ব প্রদান করা হবে। দেশের কৃষক সমাজ তথা জনগণের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের মাধ্যমে এসব কর্মসূচির বাস্তবায়নকে আমরা গতিশীল করব। আশা করা যায় সকলের আন্তরিক প্রচেষ্টায় অচিরেই আমরা সুখী, সমৃদ্ধ ও আধুনিক বাংলাদেশ গড়ে তুলতে সক্ষম হব।

আমি 'বিশ্ব খাদ্য দিবস-২০০১' উপলক্ষে গৃহীত কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

খালেদা জিয়া



সচিব
খাদ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফ এ ও) এবং বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে আজ বিশ্ব খাদ্য দিবস উদযাপিত হচ্ছে। পৃথিবীর বিভিন্ন দেশে অত্যন্ত গুরুত্বের সাথে এ দিবসটি পালন করা হয়। বিশ্ব খাদ্য দিবস পালন উপলক্ষে প্রতিবারের মত এবারও একটি প্রতিপাদ্য বেছে নেয়া হয়েছে। এবারের প্রতিপাদ্য - দারিদ্র্য বিমোচনে ক্ষুধামুক্তির সংগ্রাম।
ক্ষুধা, অপুষ্টি ও দারিদ্র্য উন্নয়নশীল দেশগুলোর প্রধান সমস্যা। বাংলাদেশেও এধরণের সমস্যা বিরাজমান। এসব সমস্যা দূরীকরণের জন্য দরকার খাদ্য উৎপাদনের পাশাপাশি খাদ্য সংরক্ষণ, সরবরাহ ও সুষ্ঠু বিতরণ ব্যবস্থা, অর্থাৎ খাদ্য নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন করা ও টেকসই করা। এছাড়া গ্রাম ও শহরে আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের পথ সুগম করা যেতে পারে। তাই খাদ্য উৎপাদন, সংরক্ষণ, সরবরাহ ও বাজারজাতকরণ এবং দারিদ্র্য দূরীকরণের জন্য গ্রাম বাংলায় আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে আমাদের উদ্যোগ সুদৃঢ় করা প্রয়োজন। বিশ্ব খাদ্য দিবসের বিভিন্ন কার্যক্রমের অনুপ্রেরণায় সরকারি বেসরকারি উদ্যোগ এক্ষেত্রে আরও বলিষ্ঠ ও কার্যকর হবে বলে আমি মনে করি।
দারিদ্র্য বিমোচনে আমাদের ক্ষুধামুক্তির সংগ্রাম সফল হোক, বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষ্যে এ আমার একান্ত কামনা।

মোহাম্মদ হাবিবুর রহমান

Courtesy :

Bangladesh Crop Protection Association

BANGLADESH CROP PROTECTION ASSOCIATION

Our goal to protect the crops, human and animal health to ensure higher production in agriculture and better health of the people of Bangladesh.